তারিখ ··· 12 MAY 2018 ···
পৃষ্ঠা ··৩··৬·· কলাম··৪··· ·······

দৈনিক
ইত্তেফাক

# কুমিল্লা বোর্ডে পাসের হার ৮৪ শতাংশ

## জিপিএ-৫ পেল ৬৯৫৪ জন

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষা বোর্ডে এবারের এসএসসি পরীক্ষার ফলাফলে সম্মিলিত পাসের হার ৮৪ শতাংশ। এ বছর এক লাখ ৬০ হাজার ৫১৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে এক লাখ ৩৪ হাজার ৮৩৩ জন। তিনটি বিভাগে জিপিএ-৫ পেয়েছে ছয় হাজার ৯৫৪ জন। কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ বুধবার দুপুরে এসব তথ্য নিশ্চিত করেছেন।

বোর্ড সূত্রে জানা যায়, এ বছর বিজ্ঞান বিভাগে পাসের হার ৯৪ দশমিক ৭৯ শতাংশ। এ বিভাগে ৪১ হাজার একজন পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হয়েছে ৩৮ হাজার ৮৬৫ জন। মানবিক বিভাগে পাসের হার ৭২ দশমিক ৪১ শতাংশ। এ বিভাগে ৪২ হাজার ৪৪ জন পরীক্ষায় অংশগ্রহণ করে পাস করেছে ৩০ হাজার ৪৪২ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগে পাসের হার ৮৪ দশমিক ৫৮ শতাংশ। এ বিভাগে ৭৭ হাজার ৪৭২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬৫ হাজার ৫২৬ জন। এ বছর শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১১৯ এবং তিনটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউই পাস করতে পারেনি।